

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর, চুয়াডাঙ্গা।

স্মারক নং- ৩৪.০১.১৮০০.০০০.২২.০০৩.০৯-২০০৬

তারিখ : ১২/১২/২০২২ খ্রি :।

## ভর্তি বিজ্ঞপ্তি

দেশের সম্ভাবনাময় উদ্বোধী এবং শিক্ষিত বেকার যুবদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর, চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক নিম্নে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণে ভর্তির নিমিত্তে ১৮-৩৫ বছর বয়সের বেকার যুব/যুব মহিলাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### তথ্যাবলী

| ক্রঃ<br>নং | প্রশিক্ষণ কেন্দ্রের<br>নাম           | শিক্ষাগত<br>যোগ্যতা         | কোর্সের<br>মেয়াদ | আসন<br>সংখ্যা | দরখাস্ত জমা দেয়ার<br>শেষ তারিখ | সাক্ষাৎকারের<br>তারিখ | ভর্তির<br>তারিখ         | ভর্তি ফি |
|------------|--------------------------------------|-----------------------------|-------------------|---------------|---------------------------------|-----------------------|-------------------------|----------|
| ০১         | রেফ্রিজারেশন এণ্ড<br>এয়ার কন্ডিশনিং | নূন্যতম অষ্টম<br>শ্রেণী পাশ | ০৬(ছয়)<br>মাস    | ১০জন          | ২৬/১২/২০২২                      | ২৭/১২/২০২২            | ২৮, ২৯<br>ডিসেম্বর/২০২২ | ৩০০/-    |
| ০২         | ইলেকট্রিক্যাল এণ্ড<br>হাউজ ওয়্যারিং | নূন্যতম অষ্টম<br>শ্রেণী পাশ | ০৬(ছয়)<br>মাস    | ১০জন          | ২৬/১২/২০২২                      | ২৭/১২/২০২২            | ২৮, ২৯<br>ডিসেম্বর/২০২২ | ৩০০/-    |
| ০৩         | ইলেকট্রনিক্স                         | নূন্যতম অষ্টম<br>শ্রেণী পাশ | ০৬(ছয়)<br>মাস    | ১০জন          | ২৬/১২/২০২২                      | ২৭/১২/২০২২            | ২৮, ২৯<br>ডিসেম্বর/২০২২ | ৩০০/-    |

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপ :

- আবেদনপত্রে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জাতীয়তা (জ) জন্ম তারিখ (ঝ) প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগানোর নিশ্চয়তা সহকারে নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।
- আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও বয়স প্রমানের প্রত্যয়ন পত্র, (খ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পৌর মেয়র/কাউন্সিলর/প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্বেও সনদপত্র (গ) সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট ও ১(এক) কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি, (ঘ) জন্ম সনদ/জাতীয় পরিচয় পত্র, জমা দিতে হবে।
- প্রার্থীকে অবশ্যই বেকার হতে হবে এবং আত্মকর্মসংস্থান করে স্বনির্ভর হওয়ার জন্য আন্তরিক সচেষ্টি থাকতে হবে।
- প্রার্থীর বয়স ১৮-৩৫ বছর বয়স সীমার মধ্যে হতে হবে। যুব সংগঠন কর্তৃক মনোনীত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ভর্তির জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে সকাল ১১ঃ০০ ঘটিকায় হাজির হতে হবে। এর জন্য কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।
- ভর্তির ব্যাপারে বোর্ডে সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- উল্লিখিত ট্রেডে প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য আবেদনপত্র উপ-পরিচালক বরাবর দাখিল করতে হবে।
- প্রশিক্ষণ কোর্সটি অনাবাসিক ভাবে পরিচালিত হবে বিধায় সরকারী বিধি অনুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- প্রশিক্ষণার্থীদেরকে প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম শৃংখলা মেনে চলতে হবে।
- অনলাইনের মাধ্যমে আবেদন পত্র সংগ্রহ করে জমা প্রদান করা যাবে।
- অনলাইনে আবেদন করার ঠিকানা [www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

(মাসুম আহমেদ)

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, চুয়াডাঙ্গা।

ফোন : ০১৭১১০৬৫৩২৭

তারিখ : ১২/১২/২০২২ খ্রি

স্মারক নং- ৩৪.০১.১৮০০.০০০.২২.০০৩.০৯-২০০৬

:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- জেলা তথ্য কর্মকর্তা, চুয়াডাঙ্গা।
- ..... তাকে তার নোটিশ বোর্ডে টানিয়ে দেওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।
- উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর/আলমডাঙ্গা/দামডুহুদা/জীবননগর, চুয়াডাঙ্গা।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর/আলমডাঙ্গা/দামডুহুদা/জীবননগর, চুয়াডাঙ্গা।
- অত্র দপ্তরের নোটিশ বোর্ড।
- অফিস কপি।

(মাসুম আহমেদ)

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, চুয়াডাঙ্গা।